

## 41894 - মক্কার বাসিন্দা যদি হজ্জ করার পর মক্কা ছেড়ে চলে যেতে চান তার উপর কি বিদায়ী তাওয়াফ আছে?

## প্রশ্ন

জনৈক গৃহ পরিচারিকা পাঁচ বছর যাবৎ মক্কাতে চাকুরী করছেন। এখন হজ্জ করতে চান। হজ্জের পরপর তিনি ফাইনাল এক্সিট নিয়ে তার দেশে ফেরত যাবেন। তার উপর কি বিদায়ী তাওয়াফ আছে?

## প্রিয় উত্তর

মক্কার বাসিন্দাদের উপর বিদায়ী তাওয়াফ নেই। কারণ বিদায়ী তাওয়াফ ওয়াজিব হয় বায়তুল্লাহকে বিদায় জানানোর কারণে। এই কারণ মক্কাবাসীদের মধ্যে পাওয়া যায় না। যেহেতু মক্কা তাদেরই দেশ। বিদায়ী তাওয়াফ যে হজ্জের রুকন নয় শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া সে কথা আলোচনা করতে গিয়ে বলেন: এ কারণে মক্কাবাসীর উপর তাওয়াফে কুদুম ও তাওয়াফে বিদা' (বিদায়ী তাওয়াফ) নেই। যেহেতু তাদের ক্ষেত্রে এ কার্যকারণ অনুপস্থিত। কারণ তারা তো মক্কার দিকে আগমন (কুদুম) করে আসেনি; কিংবা মক্কাকে বিদায় (বিদা') দিয়েও যাবে না; যেহেতু তারা সেখানেই থাকে।[মাজমুউল ফাতাওয়া (২৬/২৬১)]

শাইখ বিন বায (রহঃ) বলেন:

মক্কাবাসীর উপর বিদায়ী তাওয়াফ নেই। সমাণ্ড[ফাতাওয়া ১৭/৩৯৩]

হারামের ভেতরে অবস্থানকারী সকলের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য।

ইবনে কুদামা বলেন: যার গৃহ হারাম এলাকার ভেতরে সে মক্কাবাসী; তার উপর বিদায়ী তাওয়াফ নেই।[আল-মুগনি (৩/২৩৭)]

কিন্তু কোন মক্কাবাসী যদি হজ্জ আদায় করার পরপর মক্কা ছেড়ে চলে যেতে চায় তাহলে মক্কা থেকে বের হওয়ার পূর্বে তাকে বিদায়ী তাওয়াফ করতে হবে।

নববি (রহঃ) বলেন: আমাদের মাযহাবের আলেমগণ বলেন, যে ব্যক্তি হজ্জ শেষ করার পর মক্কাতে অবস্থান করার নিয়ত করেছে তার উপর বিদায়ী তাওয়াফ নেই। এ বিষয়ে কোন মতভেদ নেই। হোক না এ ব্যক্তি মূলত মক্কার অধিবাসী কিংবা ভিনদেশী। আর যদি মক্কা থেকে তার নিজ দেশে ফিরে যাওয়ার জন্য অথবা অন্য কোথাও যাওয়ার জন্য বের হতে চায় তাহলে সে বিদায়ী তাওয়াফ করবে।[আল-মাজমু ৮/২৫৪]

শাইখ উছাইমীন (রহঃ) বলেন: যদি কোন মক্কাবাসী হজ্জ আদায় করে হজ্জের পরপর সফর করতে চান তাহলে তিনি বিদায়ী তাওয়াফ করবেন। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামে বাণী: “তোমাদের কেউ বের হবে না যতক্ষণ না তার সর্বশেষ আমল হয় বায়তুল্লাহর সাথে সম্পৃক্ত”[সহিহ মুসলিম (১৩২৭)] এটি একটি আম বা সবার ক্ষেত্রে প্রযোজ্য সাধারণ দলিল। অতএব, আমরা

মক্কাবাসীকে বলব: আপনি যেহেতু হজ্জের দিনগুলোতে সফর করছেন এবং আপনি হজ্জও আদায় করেছেন সুতরাং আপনি বিদায়ী তাওয়াফ না করে সফর করবেন না।[ফাতাওয়া ২৩/৩৩৯]

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে প্রশ্নকারী নারীর উপর বিদায়ী তাওয়াফ করা অনিবার্য; যদি তিনি হজ্জ আদায়ের পরপর সফর করতে চান।

আল্লাহই ভাল জানেন।